

"বাংলাদেশের চলচ্চিত্রে আইটেম সং: জনপ্রিয় সংস্কৃতি প্রায়োগিক ফোকলোর অবলোকন" শীর্ষক সেমিনার

ঢাকা, ০৬ ডিসেম্বর ২০২৩

বাংলাদেশ ফিল্ম আর্কাইভের সেমিনার হলে আজ অনুষ্ঠিত হয় "বাংলাদেশের চলচ্চিত্রে আইটেম সং: জনপ্রিয় সংস্কৃতি প্রায়োগিক ফোকলোর অবলোকন" শীর্ষক সেমিনার। সেমিনারে গবেষণাপত্র উপস্থাপন করেন গবেষক প্রদীপ্তি রাউত প্রমা।

সেমিনার অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বাংলাদেশ ফিল্ম আর্কাইভের মহাপরিচালক জনাব মো: জসীম উদ্দিন।

"বাংলাদেশের চলচ্চিত্রে আইটেম সং : জনপ্রিয় সংস্কৃতি প্রায়োগিক ফোকলোর অবলোকন" শীর্ষক গবেষণাপত্রের ওপর আলোচনায় অংশগ্রহণ করেন তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের উপ-সচিব জনাব মো. সাইফুল ইসলাম (জুম প্লাটফর্ম); সঙ্গীত পরিচালক ও সুরকার জনাব শেখ সাদী খান; গবেষক, লেখক, প্রাবন্ধিক ও সংগীতশিল্পী ড. এবিএম রেজাউল রিপন (স্মরণ প্রত্যয়); ড. মতিন রহমান, বিশিষ্ট চলচ্চিত্র নির্মাতা ও চেয়ারম্যান, ফিল্ম এন্ড মিডিয়া স্টাডিজ বিভাগ, স্টামফোর্ড ইউনিভার্সিটি বাংলাদেশ এবং বাংলাদেশ ফিল্ম আর্কাইভের প্রকল্প পরিচালক ড. মো: মোফাকখারুল ইকবাল। অনুষ্ঠান সঞ্চালনা করেন বাংলাদেশ ফিল্ম আর্কাইভের পরিচালক জনাব ফারহানা রহমান।

সেমিনার অনুষ্ঠানের মুক্ত আলোচনা পর্বে অংশগ্রহণ করেন চলচ্চিত্র পরিচালক ও গবেষকগণ। এসময় বাংলাদেশ ফিল্ম আর্কাইভের কর্মকর্তাগণ ও সংশ্লিষ্টরা উপস্থিত ছিলেন।

